



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পিরোজপুর-২০/২৪২

তারিখ: ১৮ পৌষ ১৪২৯  
০২ জানুয়ারি ২০২৩

বিষয় : ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্ব পালন ও মামলার সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে  
সূত্র : ১। জেলা প্রশাসক, পিরোজপুর এর পত্র নং ০৫.১০.৭৯০০.০১২.১২.০০১.২২-১২৩৫ তারিখ: ০৭.১২.২০২২ ইং;  
২। বামাশিবো/প্রশা/পিরোজ-২০/১০৮৬৯ তারিখ: ২৩.০২.২০২০ ইং;  
৩। বামাশিবো/প্রশা/১৯২/২/পিরোজ-২০(২) তারিখ: ২৯.০৩.২০২১ ইং;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পিরোজপুর জেলার সদর উপজেলাধীন পিরোজপুর নেছারিয়া মাহমুদিয়া আলিম মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর নিয়ে জটিলতা তৈরী হয়েছে মর্মে উক্ত মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্ধারণ ও বৈধ বিল স্বাক্ষরকারী কে হবেন এ বিষয়ে আইনগত সুস্পষ্ট নির্দেশনা চেয়ে জেলা প্রশাসক, পিরোজপুর কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত মাদ্রাসার অধ্যক্ষ, কমিটি ও অন্যান্য বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৩৯৬/২০২০, রিট পিটিশন নং ৬৯৪১/২০২২, রিট পিটিশন নং ১৬০৭৪/২০২২ ও পিরোজপুর বিজ্ঞ সদর সহকারী জজ আদালত এ দেওয়ানী মোকাদ্দমা ৩৮৭/২০২২ মামলা চলমান। জনাব মো: আবদুল আলীম কর্তৃক দায়েরকৃত দেওয়ানী মোকাদ্দমা ৩৮৭/২০২২ এ “বাদীর প্রার্থনা মোতাবেক ১নং বিবাদী জনাব মীর মো: আব্দুল্লাহ আল ফারুক বে-আইনীভাবে তর্কিত আদেশ দ্বারা বাদীকে চাকুরীচ্যুত করিতে না পারে এবং উক্ত পদ হইতে অপসারণ করিতে না পারে সেই মর্মে উভয়পক্ষকে স্থিতিবস্থা (Status Quo) বজায় রাখার নির্দেশ প্রদান করা হইল” মর্মে আদেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য অধ্যক্ষ জনাব রুহুল আমীন-কে এডহক কমিটি কর্তৃক ১৪.০২.২০১০ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব রুহুল আমীন কর্তৃক তার বরখাস্ত বিষয়ে ২৮.০৪.২০১৯ ইং তারিখে বোর্ডে অভিযোগের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, পিরোজপুর কর্তৃক তদন্ত প্রতিবেদন ও উভয়পক্ষের দাখিলকৃত কাগজপত্র অনুযায়ী সূত্রোক্ত ২নং স্মারক পত্রে অধ্যক্ষ জনাব রুহুল আমীন-কে স্বপদে পুনর্বহাল করা হয়। উক্ত পুনর্বহাল পত্রের বিরুদ্ধে জনাব আবদুল জলিল শেখ কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং ৩৩৯৬/২০২০ মামলার রায়ে ৩ মাসের স্থগিতাদেশ দেওয়ায় জনাব রুহুল আমীনকে অধ্যক্ষ পদে পুনর্বহাল সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিত করে সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হয়।

বর্ণিত অবস্থায় আপাতত: জনাব মো: আবদুল আলীম ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং জনাব মুহাম্মদ রুহুল আমীন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক দাখিলকৃত রিট পিটিশন নং ১৬০৭৪/২০২২ মামলায় প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি, সংশ্লিষ্ট কাগজপত্র ও দরখাস্ত বোর্ডে দাখিল করা জন্য মামলার বাদীকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০২.০২.২০২৩

মো: সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
০২.০২.২৩

তারিখ: ১৮ পৌষ ১৪২৯  
০২ জানুয়ারি ২০২৩

জেলা প্রশাসক,  
পিরোজপুর।

নং-বামাশিবো/প্রশা/পিরোজপুর-২০/২৪২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পিরোজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পিরোজপুর;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; ..... শাখা, সদর, পিরোজপুর;
৬. জনাব মো: আব্দুল আলীম (ভারপ্রাপ্ত অধ্যক্ষ), পিরোজপুর নেছারিয়া মাহমুদিয়া আলিম মাদ্রাসা, পুলিশ লাইন সড়ক, সদর, পিরোজপুর;
৭. জনাব মুহাম্মদ রুহুল আমীন, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), পিরোজপুর নেছারিয়া মাহমুদিয়া আলিম মাদ্রাসা, সদর, পিরোজপুর;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. অফিস কপি।

  
২/৩/২৩

মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
০২.০২.২৩